

০৫ আগস্ট, ২০২৩ তারিখে বাংলাদেশের আধুনিক ক্রীড়াজ্ঞানের অন্যতম পথিকৃৎ বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্ঘাপন উপলক্ষ্যে প্রতুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : নীলুফা সরকার, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

তারিখ : ২৭ জুলাই, ২০২৩ খ্রি।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সময় : সকাল ১০.৩০ মি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই তিনি স্বাধীনতার মহান স্মৃতি, সর্বকালের সর্বশ্রষ্ট বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি বিনোদ শুক্রা নিবেদন করেন। তিনি বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকীকে 'ক' শ্রেণিভুক্ত জাতীয় দিবস হিসেবে মর্যাদা প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। গত বছরের ন্যায় সভাপতি এ দিবসটি সফলভাবে আয়োজনের বিষয়ে সকলকে মতামত ও প্রস্তাব প্রদানের জন্য অনুরোধ করা হয়। সভায় বিস্তারিত আলোচনাতে শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদ্ঘাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি পালন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

#### ০১। কর্মসূচিসমূহ:

তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নে
০৫/০৮/২০২৩ খ্রি। সকাল ১০.০০ টা	বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর প্রতিকৃতিতে পুস্তকের অর্পণ	উপজেলা পরিষদ সম্প্রসারিত কমপ্লেক্স ভবনের সন্মুখে	উপজেলা প্রশাসন, বাগাতিপাড়া, নাটোর
০৫/০৮/২০২৩ খ্রি। সকাল ১০.৩০ টা	বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জীবনী নিয়ে আলোচনা সভা ও সূত্তিচারণ অনুষ্ঠান	বড়ল সভাকক্ষ, বাগাতিপাড়া, নাটোর	উপজেলা প্রশাসন, বাগাতিপাড়া, নাটোর
০৫/০৮/২০২৩ খ্রি। বাদ যোহর মসজিদে ও সুবিধাজনক সময়ে অন্যান্য সকল উপাসনালয়ে	বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর স্মৃতি মাগফেরাত কামনা করে কোরআন খতম/দোয়া মাহফিল/বিশেষ প্রার্থনা	সকল মসজিদ/মন্দির/গির্জা/উপাসনা লয়	ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন ও স্ব ধর্মীয় প্রতিষ্ঠানের পরিচালনা কর্মসূচি
০৫/০৮/২০২৩ খ্রি。 সুবিধাজনক সময়ে	প্রদর্শনী ফুটবল ম্যাচ	বাগাতিপাড়া সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়	উপজেলা ক্রীড়া সংস্থা, বাগাতিপাড়া, নাটোর
আগস্ট/২৩ মাসব্যাপ্তি	বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদ্ঘাপন বিষয়ক একটি দৃষ্টিনন্দন ব্যানার প্রদর্শন	সকল দপ্তর, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর	সকল দপ্তর প্রধান, বাগাতিপাড়া, নাটোর

#### ০২। গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্তে নিমোন্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(ক) যথাযোগ্য মর্যাদায় উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে স্বতঃস্ফূর্তভাবে দিবসটি উদ্ঘাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) আয়োজিত সকল অনুষ্ঠানে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করতে অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া মডেল থানাকে অনুরোধ করা হলো।

(গ) গৃহীত সকল অনুষ্ঠানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী জেনারেল ম্যানেজার, বাগাতিপাড়া সাবজেনাল অফিস, নাটোর পঞ্জী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ করা হলো।

(ঘ) গৃহীত অনুষ্ঠানমালাকে সাফল্যমন্তিত করতে সকল সরকারি/আধা-সরকারি/বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ  
যাতে কর্মসূল ত্যাগ না করেন এবং উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ নিশ্চিত করেন সেজন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য  
অনুরোধ করা হলো।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করা হলো।

(নীলুফা সরকার)  
উপজেলা নির্বাহী অফিসার  
বাগাতিপাড়া, নাটোর


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বাগাতিপাড়া, নাটোর  
[www.bagatipara.natore.gov.bd](http://www.bagatipara.natore.gov.bd)

স্মারক নং- ০৫.৪৩.৬৯০৯.০০০.১৪.০০২.২৩. ৫৫৮

তারিখঃ ১২ শ্রাবণ, ১৪৩০  
২৭ জুলাই, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

- (১) মাননীয় সংসদ সদস্য, ৫৮-নাটোর-১ (গালপুর-বাগাতিপাড়া)।
- (২) জেলা প্রশাসক, নাটোর।
- (৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
- (৪) সহকারী কমিশনার (ভূমি), বাগাতিপাড়া, নাটোর।
- (৫) অফিসার ইনচার্জ, বাগাতিপাড়া মডেল থানা, নাটোর।
- (৬) .....কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর।
- (৭) .....বাগাতিপাড়া, নাটোর।

  
(নীলুকা সরকার)  
উপজেলা নির্বাহী অফিসার  
বাগাতিপাড়া, নাটোর  
ফোন নং- ০২৫৮৮-৭৫০১  
ই-মেইল- [unobagatipara@mopa.gov.bd](mailto:unobagatipara@mopa.gov.bd)